

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/সিরাজ-৬১/০৯

তারিখ: ২৪ মার্চ ২০২৫
১০ চৈত্র ১৪৩১


বিষয়: সুপার জনাব মোঃ দলিলুর রহমান মুক্তার স্বপদে বহাল প্রসঙ্গে

সূত্র: স্মারক নং-বামাশিবো/সংস্থাপন/আপিল এন্ড আরবিট্রেশন/৫৮৩/৩; তারিখ: ২৬ নভেম্বর ২০২৪;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলাধীন রোকনপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ দলিলুর রহমান মুক্তা এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য বেসরকারি মাদ্রাসা শিক্ষকগণের চাকরির শর্ত বিধিমালা-১৯৭৯ এর বিধি-১৪(১) অনুসারে কারণ দর্শানোসহ বিধি ১৪(২) ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রজ্ঞাপন নং-বামাশিবো/সংস্থাপন/৮১৫- ও ১/১৪(১৪) সার্বিক (খ); তারিখ: ২৫/১০/২০১২ খ্রি. অনুসারে তদন্ত কমিটি গঠনের করা হয়নি। তদন্ত কমিটি ও বরখাস্ত প্রক্রিয়া সঠিক না হওয়ায় তার বরখাস্ত সংক্রান্ত আবেদনটি অনুমোদন করা হয়নি। উক্ত পত্রের আলোকে সুপার জনাব মোঃ দলিলুর রহমান মুক্তা প্রতিষ্ঠানে যোগদান করতে গেলে ভারপ্রাপ্ত সুপার কে বি এম আব্দুল মান্নান, সহকারী মৌলভী বোর্ডের পত্র অবগত হওয়ার পরে অবজ্ঞা ও বোর্ডের আদেশ অমান্য করেছেন মর্মে সুপার আবেদনে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায়, সুপার জনাব মোঃ দলিলুর রহমান মুক্তার সাময়িক বরখাস্ত প্রক্রিয়া সঠিক না হওয়ায় সূত্রোক্ত স্মারকের নির্দেশনার আলোকে পত্র জারির পর থেকে স্ব-পদে দায়িত্ব পালন করবেন এবং কমন শাখার মাধ্যমে মাদ্রাসার পাসওয়ার্ড পরিবর্তন করে নেয়ার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


তারিখ: ২৪/০৩/২৫
প্রফেসর মোঃ আবিদুছ ছাত্তার মিয়া
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক


১. উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ; (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
২. জনাব মোঃ দলিলুর রহমান মুক্তা (সুপার), রোকনপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর: কুন্দাশন, তাড়াশ, সিরাজগঞ্জ;

নং-বামাশিবো/প্রশা/সিরাজ-৬১/০৯

তারিখ: ২৪ মার্চ ২০২৫
১০ চৈত্র ১৪৩১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০;
২. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ;
৩. উপ-রেজিস্ট্রার (কমন), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (মাদ্রাসার পাসওয়ার্ড পরিবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল;
৫. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ;
৭. কে বি এম আব্দুল মান্নান, সহকারী মৌলভী, রোকনপুর ইসলামিয়া দাখিল, ডাকঘর: কুন্দাশন, তাড়াশ, সিরাজগঞ্জ;
৮. ম্যানেজার, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক _____ শাখা, তাড়াশ, সিরাজগঞ্জ;
৯. অফিস কপি।


তারিখ: ২৪.০৩.২৫
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd